# ই-মনিটরিং স্কুল সিস্টেম

## স্কুল পরিদর্শনের এপ্লিকেশন টুল এবং ই-প্রাইমারি স্কুল সিস্টেম হতে ই-মনিটরিং এর রিপোর্ট ও ফিডব্যাক সিস্টেম এর ব্যবহার নির্দেশিকা

সেভ দ্য চিলড্রেন

## সূচিপত্র


| | |
|---|---|
| **ই-মনিটরিং সম্পর্কে ধারনা** | |
| ই-মনিটরিং সম্পর্কে ধারনা, উদ্দেশ্য ও বাস্তবায়ন কৌশল | ৩ - ৪ |
| **এপ্লিকেশন টুল ব্যবহার** | |
| বিষয় | পেজ নাম্বার |
| ট্যাব বা ফোন এ ই-মনিটরিং অ্যাপ ইন্সটল করার পদ্ধতি | ৫ – ৬ |
| অ্যাপ এ লগইন করার পদ্ধতি | ৭ |
| অ্যাপ এর মধ্যমে তথ্য পূরণ ও সার্ভারে তথ্য প্রেরণ করার পদ্ধতি | ৮-৯ |
| অসমাপ্ত পরিদর্শন হতে তথ্য পূরণ ও সার্ভারে তথ্য প্রেরণ করার পদ্ধতি | ১০ |
| ট্যাব বা ফোন এ ই-মনিটরিং অ্যাপ আপডেট করার পদ্ধতি | ১১-১২ |
| **পরিদর্শনের এর রিপোর্টের ব্যবহার এবং পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের পদ্ধতি** | |
| বিষয় | পেজ নাম্বার |
| **DPE** ওয়েবসাইট হতে ই-প্রাইমারি সিস্টেমে লগইন ও মেন্যু পরিচিতি | ১৩ -১৫ |
| পরিদর্শনের স্বয়ংক্রিয় নোটিশ, বিদ্যালয়ের বাইরে পরিদর্শনের কারন ও পূর্ণাঙ্গ রিপোর্ট | ১৬-২০ |
| পরিদর্শকদের মোট পরিদর্শন | ২১ |
| পরিদর্শনের জায়গা | ২২ |
| ক্লাস্টার ভিত্তিক মাসিক পরিদর্শনের সারাংশ | ২৩-২৪ |
| বার্তা প্রেরণ ও প্রেরিত বার্তার | ২৫ |
| গৃহীত বার্তার তালিকা | ২৬ |
| আলোচনা যোগ করুন | ২৭ |
| আলোচনার তালিকা | ২৮ |
| পরিদর্শনের রিপোর্ট সমূহ তালিকা | ২৯-৩০ |
| **এক নজরে পরিদর্শনের সামগ্রিক চিত্র** | |
| ড্যাশবোর্ড | ৩১-৩৩ |
| **ই- প্রাইমারি স্কুল সিস্টেম হতে শিক্ষক বদলি** | |
| শিক্ষক বদলি | ৩৪ |
| ই-মনিটরিং ও ই- প্রাইমারি সিস্টেমের জন্য ইউজার আইডি পাসওয়ার্ড পরিবর্তন | ৩৫ |

## ই-মনিটরিং সম্পর্কে ধারনা

সবার জন্য মানসম্মত শিক্ষা অর্জন নিশ্চিত করতে প্রাথমিক শিক্ষার মনিটরিং ব্যবস্থায় **ই-মনিটরিং** ব্যবস্থার প্রবর্তন। এ ব্যবস্থায় প্রচলিত প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন টুলের ভিত্তিতে একটি এন্ড্রয়েড এপ্লিকেশন তৈরি করা হয়েছে, যা পাইলটিং এর আওতাধীন পরিদর্শকদের ডিভাইস (ট্যাবলেট) এ ইন্সটল করা আছে। ই-মনিটরিং এ একজন পরিদর্শক একটি স্মার্ট ডিভাইস এর সহায়তায় বিদ্যালয় পরিদর্শন করে প্রাপ্ত তথ্যাদি ইন্টারনেটের মাধ্যমে আপলোড করেন। প্রেরিত তথ্যাদি সঙ্গে সঙ্গে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় সার্ভারে জমা হয়, যা সংশ্লিষ্ট সকলেই তৎক্ষনাৎ দেখে প্রয়োজনীয় ফলাবর্তন, পরামর্শ প্রদান ও করণীয় নির্ধারণ করতে পারেন।



**ট্যাব এ বিদ্যালয় পরিদর্শন**

## ই- মনিটরিং এর উদ্দেশ্যঃ

১. পরিদর্শনের মাধ্যমে বিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক পর্যায়ে কাঙ্ক্ষিত মান উন্নয়নে কর্মকর্তাদের সহায়তা করা।
২. প্রযুক্তি ব্যবহার করে পরিদর্শন ফরমে প্রাপ্ত তথ্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিকট সহজে ও স্বল্প সময়ে প্রেরণ।
৩. প্রযুক্তির সহায়তায় পরিদর্শন ব্যবস্থায় সকল ক্ষেত্রে সমন্বয় সাধন।
৪. বাৎসরিক বিদ্যালয় পরিদর্শন পরিকল্পনা প্রণয়ন এবং সবার মধ্যে তথ্য আদান প্রদানে সমন্বয় সাধন।
৫. সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে সহজতর করতে সবার জন্য উপযোগী অনলাইন রিপোর্টিং ব্যবস্থার প্রবর্তন
৬. ম্যানুয়াল পরিদর্শন প্রতিবেদন দাখিলের পরিবর্তে অনলাইন সিস্টেম প্রবর্তনের মাধ্যমে খরচ ও সময় সাশ্রয় করা।
৭. তথ্যের সঠিকতা নিশ্চিত, আদান-প্রদান সহজ এবং দ্রুততর করা
৮. প্রযুক্তির সহায়তায় সরেজমিন পরিদর্শনে উৎসাহ প্রদান।
৯. মাঠ পর্যায়ের বাস্তব অবস্থা সম্পর্কে উর্ধ্বতন কর্মকর্তাদের সারাসরি ও সার্বক্ষণিক দেখা ও যোগাযোগ সুযোগ তৈরি
১০. সর্বস্তরে স্বচ্ছতা ও জাবাবদিহিতা নিশ্চিত করা।
১১. সরকারের উর্ধ্বতন পর্যায়ে নীতি-পদ্ধতি প্রণয়নে ও সিদ্ধান্ত গ্রহণে পরিদর্শনলব্ধ বিভিন্ন তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা করা।

# ই- মনিটরিং এর বাস্তবায়ন কৌশলঃ

১. উপজেলা পর্যায়ে উপজেলা শিক্ষা অফিস ও ইউআরসি সমন্বিতভাবে অগ্রিম পরিদর্শন পরিকল্পনা প্রণয়ন করবে। এ পরিকল্পনায় কমপক্ষে ৪০% হবে পূর্ববর্তী পরিদর্শনের ফলোআপ পরিদর্শন।
২. প্রতি তিন মাসে কমপক্ষে একবার প্রতিটি বিদ্যালয় পরিদর্শন নিশ্চিত করা।
৩. পরিদর্শনকারী সকল কর্মকর্তার একই মনিটরিং টুল/ফরমেট ব্যবহার করে পরিদর্শন করা।
৪. পরিদর্শন হবে স্মার্ট ডিভাইস-এ। এখানে বিদ্যামান পরিদর্শন ফরমের সফট কপি ইন্সটল করা থাকবে
৫. ব্যবস্থাটি থাকবে সবার জন্য ব্যবহারযোগ্য এবং পরিদর্শিত বিদ্যালয়ের বাস্তব অবস্থা সংশ্লিষ্ট সকলের জন্য থাকবে জানার ও দেখার সুযোগ।
৬. পরিদর্শনের পরপরই প্রতিবেদন আপলোড দেওয়ার সাথে সাথে উর্ধ্বতন সকল স্তর থেকে তা তাৎক্ষণিক দেখা।
৭. পরিদর্শিত প্রতিষ্ঠানের তথ্য তাৎক্ষণিকভাবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সার্ভারে সংরক্ষিত হবে এবং প্রয়োজন অনুযায়ী তা ব্যবহার করতে হবে।
৮. পরিদর্শনকারী সকল কর্মকর্তাকে পরিদর্শনের একটি ইউজার আইডি ও পাসওয়ার্ড দেওয়া আছে।
৯. আপলোডকৃত পরিদর্শন প্রতিবেদন হতে বিষয় ভিত্তিক রিপোর্ট সমূহ দেখা
১০. ডিভাইসের সফটওয়্যারে জিপিএস সিস্টেমের মাধ্যমে পরিদর্শনের জায়গা দেখা যাবে
১১. ই-প্রাইমারি স্কুল সিস্টেমের তথ্য আপডেট রাখতে হবে যাতে ই-মনিটরিং এ সঠিক তথ্য সন্নিবেশিত হয়।
১২. বিদ্যালয় পরিদর্শনে প্রাপ্ত উন্নয়নযোগ্য দিকসমূহ বিদ্যালয়ের পেজে চলে যাবে। এর প্রেক্ষিতে প্রধান শিক্ষকের গৃহীত পদক্ষেপসমূহ একই ভাবে পৌঁছে যাবে প্রতিবেদনকারীর কাছে। ডিপিইও, উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারও ই-মনিটরিং এর ফিডব্যাক প্রক্রিয়ায় সিস্টেমের সঙ্গে সংযুক্ত থাকবেন। বিষয়টি ইমেইল/এসএমএস এর মাধ্যমেও তৎক্ষণাৎ প্রধান শিক্ষকের নিকট পৌঁছে যাবে।
১৩. ড্যাশবোর্ডের মাধ্যমে বিদ্যালয় পরিদর্শনের চিত্র একনজরে দেখা যাবে।
১৪. ই- মনিটরিং সিস্টেমে অনলাইন রিপোর্টিং ও ফিডব্যাক এর মাধ্যমে যে তথ্য আসবে তার ভিত্তিতে বিদ্যালয় উন্নয়নে সিদ্ধান্ত গ্রহণ করা।
১৫. ডিভাইস বা ইন্টারনেটের যে কোন সমস্যার জন্য উপজেলা বা জেলা ভিত্তিক কাস্টমার সেবা কেন্দ্রে যোগাযোগ করা।


এপ্লিকেশন টুল ব্যবহার

# ট্যাব বা ফোন এ ই-মনিটরিং অ্যাপ ইন্সটল করার পদ্ধতি


"**Play Store**" লেখা বাটনে ক্লিক করুন





উপরে ডান পাশের কোনায় "**Search**" বাটনে ক্লিক করন




সার্চ এর জায়গায় "**primary school monitoring**" লিখুন এবং নিচে ডান পাশের কোনায় "**Search**" বাটনে ক্লিক করুন




**DPE** এর লোগো সম্বলিত "**Primary School Monitoring**" লেখা একটি বাটন পাবেন তার উপর ক্লিক করুন



ডান পাশের **“Install”** লেখা বাটনে ক্লিক করুন




ইন্সটল হয়ে গেলে উক্ত পেজ এ **“Uninstall”** ও **“Open”** লেখা বাটন পাবেন। এখন হোম পেজ বা অ্যাপ্লিকেশান এর লিস্ট এ চলে যান আপনার ইন্সটল সম্পন্ন হয়েছে



# অ্যাপ এ লগইন করার পদ্ধতি


"**DPE**" লেখা বাটনে ক্লিক করুন





লগইন এর পেজ আসবে




লগইন এর পেজ এ আইডি পাসওয়ার্ড লিখে "প্রবেশ করুন" বাটনে ক্লিক করুন




"Use Location?" এ "Yes" লেখার উপর ক্লিক করুন





সেভ দ্য চিলড্রেন

# অ্যাপ এর মধ্যমে তথ্য পূরণ ও সার্ভারে তথ্য প্রেরণ করার পদ্ধতি


"**নতুন পরিদর্শন সংযোজন**" লেখা বাটনে ক্লিক করুন





"**Data sync**" এর অপশান এ "**Yes**" লেখার উপর ক্লিক করন





ইউজার লেভেল অনুযায়ী জেলা উপজেলা ইউনিয়ন নির্বাচন করে বিদ্যালয় নির্বাচন করুন। পরিদর্শনকারীর নাম এর ঘরে নিজের নাম লিখুন। এর পর "**বিদ্যালয়ের গ্রেড নির্বাচন করন**" বাটনে ক্লিক করন।





প্রয়োজনীয় তথ্য দিয়ে ফর্ম টি পূরণ করুন। পূরণ শেষে তথ্যটি সংরক্ষন এর জন্য "**প্রদান করুন**" বাটনে ক্লিক করুন অথবা সংরক্ষন করতে না চাইলে "**বাতিল করুন**" বাটনে ক্লিক করন।




৪ থেকে ১৭ পর্যন্ত বাটন গুলো ক্লিক করে আগের ধাপের মত ফর্ম পূরণ করে সংরক্ষন হয়ে গেলে আপলোড এর পূর্বে পূরণকৃত তথ্য গুলো দেখতে চাইলে “**পূর্ণাঙ্গ রিপোর্ট**” বাটনে ক্লিক করুন।





পূর্ণাঙ্গ রিপোর্ট দেখা হয়ে গেলে ট্যাব বা ফোন এর “**back**” বাটনে ক্লিক করে আগের পেজ এ চলে যান।




“**প্রদান করুন**” বাটনে ক্লিক করে রিপোর্টটি সার্ভারে আপলোড করুন। এ পেজ থেকে বের হতে চাইলে “**বাতিল করুন**” বাটনে ক্লিক করুন।




অ্যাপ থেকে বের হয়ে যেতে চাইলে “**বাতিল করুন**” বাটনে ক্লিক করুন।




# অসমাপ্ত পরিদর্শন হতে তথ্য পূরণ ও সার্ভারে তথ্য প্রেরণ করার পদ্ধতি


ফর্ম পূরণের সময় কোন কারনে ট্যাব বা ফোন সেট টি বন্ধ হয়ে গেলে বা হাং করলে বা অ্যাপ টি বন্ধ হয়ে গেলে ফর্মের যতটুকু পূরণ করা হয় তা সংরক্ষিত থাকে। “**অসমাপ্ত পরিদর্শনগুলো দেখুন**” বাটনে ক্লিক করুন।





যে বিদ্যালয়ের তথ্য পূরণ করছিলেন তারিখ ও সময় সহ নাম পাবেন। ঐ বিদ্যালয়ের নাম লেখা বাটনে ক্লিক করুন।




যে ফর্ম গুলো পূরণ করা হয়নি সেগুলোর বাটনে ক্লিক করে ফর্মগুলো পূরণ করুন




ফর্ম পূরণ শেষে “**প্রাদন করুন**” বাটনে ক্লিক করে তথ্য আপলোড করুন। আপলোড শেষে “**বাতিল করুন**” বাটনে ক্লিক করে বের হয়ে যান।




# ট্যাব বা ফোন এ ই-মনিটরিং অ্যাপ আপডেট করার পদ্ধতি


"Play Store" লেখা বাটনে ক্লিক করুন





উপরে ডান পাশের কোনায় "Search" বাটনে ক্লিক করন





সার্চ এর জায়গায় "primary school monitoring" লিখুন এবং নিচে ডান পাশের কোনায় "Search" বাটনে ক্লিক করুন




DPE এর লোগো সম্বলিত "Primary School Monitoring" লেখা একটি বাটন পাবেন তার উপর ক্লিক করুন



ডান পাশের “**UPDATE**” লেখা বাটনে ক্লিক করুন



## পরিদর্শনের এর রিপোর্টের ব্যবহার এবং পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের পদ্ধতি

### DPE ওয়েবসাইট হতে ই-প্রাইমারি সিস্টেমে লগইন


আপনার ব্রাউজার এর অ্যাড্রেস বার থিকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে (**www.dpe.gov.bd**) যান।





প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট এ গিয়ে ডান পাশের অভ্যন্তরীণ ই-সেবা হতে ই-প্রাইমারি স্কুল সিস্টেমে ক্লিক করুন




নির্দিষ্ট বিভাগে ক্লিক করে লগইনের পেজ এ যান




লগইনের পেজ এ ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন



লগইনের পর একটি হোম পেজ পাওয়া যাবে যেখানে বাম পাশে একটি মেন্যুর তালিকা থাকবে। বাম পাশের মেন্যু থেকে **"স্কুল পরিদর্শনের রিপোর্ট"** মেন্যুটির উপর মাউস রাখলে তার ঠিক ডান পাশে আর একটি মেন্যুর তালিকা পাওয়া যাবে।





ডান পাশের মেন্যু গুলোর নাম এবং তা হতে কি পাওয়া যাবে তার তালিকা

| ক্র | মেন্যুর নাম | পাওয়া যাবে | | পেজ নাম্বার |
|---|---|---|---|---|
| ১ | একটি স্কুল পরিদর্শনের চিত্র | পরিদর্শনের রিপোর্ট | পরিদর্শনের পূর্ণাঙ্গ রিপোর্ট দেখা | ১৬-২০ |
| | | স্বয়ংক্রিয় নোটিশ | বিদ্যালয় পরিদর্শনের পর পরামর্শ সমূহের স্বয়ংক্রিয় নোটিশ বিদ্যালয়ে প্রেরণ ও প্রধান শিক্ষক কর্তৃক গৃহীত ব্যবস্থা | ২১ |
| | | পরিদর্শনের জায়গা | বিদ্যালয় প্রাঙ্গণের বাইরে পরিদর্শনের করান উল্লেখ | ২২ |
| ২ | পরিদর্শকের মোট পরিদর্শন | নির্দিষ্ট সময়ের প্রাত্যাশিত পরিদর্শন সংখ্যা, পরিদর্শকদের মোট পরিদর্শন এবং শতকরা অর্জিত লক্ষ্যমাত্রা | | ১০ |
| ৩ | পরিদর্শনের জায়গা | পরিদর্শকদের মোট পরিদর্শন কতগুলো পরিদর্শন বিদ্যালয় প্রাঙ্গণের বাইরে এবং কতগুলো ভিতরে তার তথ্য | | ১১ |
| ৪ | ক্লাস্টার ভিত্তিক মাসিক পরিদর্শনের সারাংশ | প্রতিটি ক্লাস্টারের সকল পরিদর্শনের মাস ভিত্তিক সারাংশ | | ১৪-১৫ |
| ৫ | বার্তা প্রেরণ ও প্রেরিত বার্তার তালিকা | কাউকে বার্তা পাঠানো এবং পাঠানো বার্তা সমূহের তালিকা থেকে বার্তার উত্তর দেখা | | ১৬ |
| ৬ | গৃহীত বার্তার তালিকা | গৃহীত বার্তার সমূহের তালিকা দেখা ও তালিকা থেকে উত্তর দেওয়া | | ১৭ |
| ৭ | আলোচনা যোগ করুন | ধরন অনুযায়ী বিভিন্ন সমস্যা ও পরামর্শ যোগ করা | | ১৮ |
| ৮ | আলোচনার তালিকা | সমস্যা সমূহের তালিকা ও তালিকা হতে সমস্যার সমাধান | | ১৯ |
| ৯ | পরিদর্শনের রিপোর্ট সমূহ | পরিদর্শনের তথ্য গুলো হতে বিভিন্ন বিষয়ের উপর ১৭ টি রিপোর্ট | | |


# ১) একটি স্কুল পরিদর্শনের চিত্র

## ১.১) পরিদর্শনের পূর্ণাঙ্গ রিপোর্ট

“**একটি স্কুল পরিদর্শনের চিত্র**” মেন্যুটিতে ক্লিক করুন।




পরিদর্শনের পূর্ণাঙ্গ রিপোর্ট টি দেখতে **“পরিদর্শনের রিপোর্ট”** কলামের বিস্তারিত বাটনে ক্লিক করুন



মোট বিদ্যালয়: 122 মোট পরিদর্শনের সংখ্যা : 575 মোট পরিদর্শিত বিদ্যালয়ের সংখ্যা : 118 মোট পরিদর্শকের সংখ্যা : 7

| পরিদর্শনকৃত বিদ্যালয়ের নাম | পরিদর্শনকারীর নাম | পরিদর্শনকারীর পদবী | পরিদর্শনের তারিখ | পরিদর্শনের রিপোর্ট | স্বয়ংক্রিয় নোটিশ | পরিদর্শনের জায়গা |
|---|---|---|---|---|---|---|
| মেদুলিয়া কান্দাপাড়া সরকারি প্রাথমিক বি... | | AUEO Kaliakoir Boliadi | 14/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| কাচিঘাটা রেজিঃ বেঃ প্রাঃ বিদ্যালয় | ab... | Thana Education... | ...4/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| বাগচালা সরকারি প্রাথমিক বিদ্যালয় | | Thana Education Offi... | 14/11/20... | | | |
| চৌধুরীর টেক ... প্রাঃ বিদ্যালয় | shekha Bishwas | ueo kaliakair gazipur | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| বহেড়াতলী সরকারি প্রাথমিক বিদ্যালয় | জাহিদুল ইসলাম | AUEO Fulbaria Kaliakoir | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| চান্দরা সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md.Alamgir Hossain | AU... Mouchak | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| চৌধুরীর টেক রেজিঃ বেঃ প্রাঃ বিদ্যালয় | Dilara Rahman | AUEO Kaliakoir Boliadi | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |

পরিদর্শনের পূর্ণাঙ্গা রিপোর্টের বাম পাশের **“Print”** বাটনে ক্লিক করে রিপোর্টটি প্রিন্ট করা যাবে।

Print
Export to word File
Export to pdf File

click here to print this report

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন - ২ মিরপুর, ঢাকা-১২১৬

**প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন**

১. বিদ্যালয়ের তথ্য

বিদ্যালয়ের নামঃ ডাইনকিনি সরকারি প্রাথমিক বিদ্যালয় | উপজেলা/থানাঃ কালিয়াকৈর | জেলাঃ গাজীপুর
প্রধান শিক্ষকের নামঃ মোঃ জমির হোসেন মৃধা | মোবাইল নংঃ 01729627375 | বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখঃ 05/01/2009
বিদ্যালয়ের গ্রেডঃ বি | গ্রেড উন্নয়নের সালঃ 2013 | শিফটঃ ২

২. পরিদর্শনকারীর তথ্য

পরিদর্শনকারীর নামঃ Dilara Rahman | পদবীঃ AUEO Kaliakoir Boliadi | পরিদর্শকের মোবাইল : 01715447277
জায়গার নাম: Get Address | পরিদর্শন তারিখঃ 31 Oct 2016 3:17:13 pm | ডাটা আপলোডের তারিখ: 31/10/2016 15:45:43

৫. শিক্ষক/শিক্ষিকার তথ্যঃ

| অনুমোদিত পদ | কর্মরত সংখ্যা | উপস্থিত সংখ্যা | সংযুক্ত শিক্ষক সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| 7 | 7 | 7 | | |

অনুপস্থিত শিক্ষক

| অনুপস্থিত শিক্ষকের নাম | অনুপস্থিতির কারণ |
|---|---|
| | |

৬.বিবিধ বিষয়ক তথ্য

| | |
|---|---|
| ক. স্কুল প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন কি? | হ্যাঁ |
| খ. টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্ন কি? | হ্যাঁ |
| গ. নিরাপদ পানীয় জলের ব্যাবস্থা আছে কি? | হ্যাঁ |
| ঘ. মনিটরিং বোর্ড আছে কি? | হ্যাঁ |
| ঙ. মনিটরিং বোর্ড হালনাগাদ কি? | হ্যাঁ |
| চ. বিদ্যালয় আঙ্গিনা বা মাঠ পর্যাপ্ত বৃক্ষ/গাছ দ্বারা পরিবেষ্টিত কি ? | হ্যাঁ |
| ছ. শিক্ষার্থীদের পোশাক পরিষ্কার-পরিচ্ছন্ন কি? | অধিকাংশ পরিচ্ছন্ন |
| জ । শিক্ষকের কক্ষ পরিস্কার -পরিচ্ছন্ন কি? | হ্যাঁ |
| ঝ । শ্রেণীকক্ষ পরিস্কার -পরিচ্ছন্ন কি? | হ্যাঁ |
| ঞ । শিক্ষার্থীদের স্কুল ইউনিফর্ম আছে কি? | অধিকাংশ পরিধান করে |

৭. পরিদর্শন বছরে ভর্তিকৃত ও পরিদর্শন তারিখে উপস্থিত শিক্ষার্থী সংখ্যাঃ

| শ্রেণী | ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা | | | উপস্থিত | | |
|---|---|---|---|---|---|---|
| | বালক | বালিকা | মোট | বালক | বালিকা | মোট |
| প্রাক-প্রাথমিক | 16 | 14 | 30 | 12 | 10 | 22 |
| ১ম শ্রেণী | 28 | 32 | 60 | 24 | 23 | 47 |
| ২য় শ্রেণী | 27 | 51 | 78 | 23 | 30 | 53 |
| ৩য় শ্রেণী | 18 | 36 | 54 | 15 | 30 | 45 |
| ৪র্থ শ্রেণী | 17 | 28 | 45 | 13 | 27 | 40 |
| ৫ম শ্রেণী | 7 | 30 | 37 | 6 | 29 | 35 |
| ৬ষ্ঠ শ্রেণী | | | | | | |
| ৭ম শ্রেণী | | | | | | |
| ৮ম শ্রেণী | | | | | | |

৮. হোম ভিজিটের তথ্য

ক. বিগত ০৩ মাসে হোম ভিজিটের সংখ্যাঃ 21

| হোম ভিজিট করেন নাই এমন শিক্ষকের নাম | হোম ভিজিট না করার কারন |
|---|---|
| | |

৯. ক. শ্রেণী কার্যক্রম পর্যবেক্ষণ

| শিক্ষকের নাম | শ্রেণী | বিষয় ও পাঠ শিরোনাম | শিক্ষকের পূর্ব প্রস্তুতি | Lesson plan অনুসরণ | শিক্ষা উপকরণের কার্যকর ব্যাবহার | পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য নিরাময়মূলক সহায়তা |
|---|---|---|---|---|---|---|
| সুমন চক্রবর্তী | প্রাক-প্রাথমিক | বাংলা স্বরবর্ণের ছড়া | চলতিমানের | প্রযোজ্য নয় | উত্তম | উত্তম |
| মোঃ জমির হোসেন মৃধা | ৫ম শ্রেণী | গণিত সময় | উত্তম | প্রযোজ্য নয় | উত্তম | উত্তম |


| শিক্ষার্থীদের অনুশীলন করার সুযোগ সৃষ্টি | শ্রেণী কার্যক্রমে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ | শিখন ফল অর্জন অগ্রগতি | শিক্ষকের কর্মতৎপরতা | শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক | বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রতি মনোযোগ |
|---|---|---|---|---|---|
| উত্তম | উত্তম | চলতিমানের | উত্তম | উত্তম | প্রযোজ্য নয় |
| উত্তম | উত্তম | চলতিমানের | উত্তম | উত্তম | প্রযোজ্য নয় |

৯.খ. পাঠের মান উন্নয়নে পর্যবেক্ষকের পরামর্শঃ

1. Lesson Plan অনুসরণপূর্বক পাঠ দিতে পরামর্শ দেয়া হলো
2. পূর্ব প্রস্তুতি সহকারে শিক্ষা উপকরনের ব্যবহার নিশ্চিত করে পাঠদান কার্যক্রম পরিচালনা করতে পরামর্শ রইল
3. পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য নিরাময়মূলক ব্যবস্থা নিন
4. শিক্ষার্থীদের বেশী করে অনুশীলন করান
5. শিক্ষার্থীদের বেশী করে বোর্ড এনে অনুশীলন করান
6. শিখনফল অর্জিত হয়েছে কিনা যাচাইক্রমে ব্যবস্থা গ্রহণ করুন
7. শিক্ষার্থীদেরকে পাঠের সঙ্গে সংগতিপূর্ণ সৃজনশীল কাজ প্রস্তত করার জন্য উৎসাহিত করুন
8.

## ১.২ ) পরিদর্শনের স্বয়ংক্রিয় নোটিশ


একজন পরিদর্শক ই-মনিটরিং অ্যাপ এর মাধ্যমে বিদ্যালয় পরিদর্শন শেষে যখন পরিদর্শন টি অনলাইনে সাবমিট করেন তখন রিপোর্ট এ উল্লেখিত পরামর্শ গুলো সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয় ভাবে বিদ্যালয়ের পেজ এ পাঠানো হয় এবং প্রধান শিক্ষক তার প্রেক্ষিতে কি ব্যবস্থ্যা নিয়েছেন তা দেখতে **"স্বয়ংক্রিয় নোটিশ"** কলামের বিস্তারিত বাটনে ক্লিক করুন




| পরিদর্শনকৃত বিদ্যালয়ের নাম | পরিদর্শনকারীর নাম | পরিদর্শনকারীর পদবী | পরিদর্শনের তারিখ | পরিদর্শনের রিপোর্ট | স্বয়ংক্রিয় নোটিশ | পরিদর্শনের জায়গা |
|---|---|---|---|---|---|---|
| মেদুলিয়া কান্দাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | Dilara Rahman | AUEO Kaliakoir Boliadi | 14/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| কাচিঘাটা রেজিঃ বে... বিদ্যালয় | | ...Officer | 14/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| বাগচালা সরকারি প্রাথমিক বিদ্যালয় | | Thana Education Officer | 14/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| চৌধুরীর টেক রেজিঃ বেঃ প্রাঃ বিদ্যালয় | shekha Bishwas | ueo kaliakair gazipur | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| বহেড়াতলী সরকারি প্রাথমিক বিদ্যালয় | জাহিদুল ইসলাম | AUEO Fulbaria Kaliakoir | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| চান্দরা সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md.Alamgir Hossain | AUEO Kaliakoir Mouchak | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| চৌধুরীর টেক রেজিঃ বেঃ প্রাঃ বিদ্যালয় | Dilara Rahman | AUEO Kaliakoir Boliadi | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |



**প্রধান শিক্ষক** বিদ্যালয়ের "**EMIS**" আইডি ও পাসওয়ার্ড দিয়ে সিস্টেমে লগইন করে পরামর্শ সমূহের প্রেক্ষিতে তার গৃহীত ব্যবস্থ্যা সমূহ এখানে উল্লেখ করবেন। (**বিদ্যালয়ের প্রধান শিক্ষকের জন্য**)



**সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা অফিসার** সিস্টেমে লগইন করে বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক গৃহীত ব্যবস্থ্যা সমূহ যাচাই করে দেখবেন ব্যবস্থা সমূহ সম্পন্ন হয়েছে কিনা সম্পন্ন হয়ে গেলে **“সম্পন্ন হয়েছে”** নির্বাচন করে **“Submit”** বাটনে ক্লিক করবেন অন্যথায় **“সম্পন্ন হয়নি”** নির্বাচন করে **“Submit”** বাটনে ক্লিক করবেন



## ১.৩) বিদ্যালয়ের বাইরে পরিদর্শনের কারন

বিদ্যালয় প্রাঙ্গাণের বাইরে পরিদর্শনের কারন উল্লেখ করতে **“পরিদর্শনের জায়গা”** কলামের বিস্তারিত বাটনে ক্লিক করুন




মোট বিদ্যালয়: 122 মোট পরিদর্শনের সংখ্যা : 575 মোট পরিদর্শিত বিদ্যালয়ের সংখ্যা : 118 মোট পরিদর্শকের সংখ্যা : 7

| পরিদর্শনকৃত বিদ্যালয়ের নাম | পরিদর্শনকারীর নাম | পরিদর্শনকারীর পদবী | পরিদর্শনের তারিখ | পরিদর্শনের রিপোর্ট | স্বয়ংক্রিয় নোটিশ | পরিদর্শনের জায়গা |
|---|---|---|---|---|---|---|
| মেদুলিয়া কান্দাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | Dilara Rahman | AUEO Kaliakoir Boliadi | 14/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| [illegible] | [illegible] | [illegible] | [illegible]/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| বাগচালা সরকারি প্রাথমিক বিদ্যালয় | | Thana Education Officer | 14/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| চৌধুরীর টেক রেজিঃ বেঃ প্রাঃ বিদ্যালয় | shekha Bishwas | ueo kaliakair gazipur | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| বহেড়াতলী সরকারি প্রাথমিক বিদ্যালয় | জাহিদুল ইসলাম | AUEO Fulbaria Kaliakoir | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| চান্দরা সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md.Alamgir Hossain | AUEO Kaliakoir Mouchak | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |
| চৌধুরীর টেক রেজিঃ বেঃ প্রাঃ বিদ্যালয় | Dilara Rahman | AUEO Kaliakoir Boliadi | 13/11/2016 | বিস্তারিত | বিস্তারিত | বিস্তারিত |



আপনি যদি স্কুল প্রাঙ্গাণের বাইরে হতে পরিদর্শন করে থাকেন তা হলে **“স্কুলের বাইরে পরিদর্শনের কারন”** টি নির্বাচন করে **“Submit”** বাটনে ক্লিক করে তা সংরক্ষন করুন।




## ২) পরিদর্শকদের মোট পরিদর্শন

পরিদর্শকদের মোট পরিদর্শনের তথ্য দেখতে **“পরিদর্শকদের মোট পরিদর্শন”** মেন্যুতে ক্লিক করুন





এটিইও, টিইও, ডিপিইও, ডিডি, ডিপিও বাটনে ক্লিক করে পরিদর্শকদের “**মোট পরিদর্শন সংখ্যা**”, **“প্রত্যাশিত পরিদর্শন সংখ্যা” ও “শতকরা”** হার দেখা যাবে। মোট পরিদর্শন সংখ্যা প্রত্যাশিত পরিদর্শন সংখ্যার কম হলে “**Notify”** বাটনে ক্লিক করে উক্ত পরিদর্শককে কারন দর্শানোর নোটিশ পাঠানো যাবে



## ৩) পরিদর্শনের জায়গা

বিদ্যালয় প্রাঙ্গাণের বাইরে হতে পরিদর্শনের সংখ্যা গত তথ্য দেখতে **“পরিদর্শনের জায়গা”** মেন্যুতে ক্লিক করুন





মোট পরিদর্শনের মধ্যে কতগুলো বিদ্যালয়ের প্রাঙ্গাণের ভিতরে ও কতগুলো প্রাঙ্গাণের বাইরে হতে করা হয়েছে তা দেখা যাবে





| পরিদর্শনকারীর পদবি | মোট পরিদর্শন সংখ্যা | বিদ্যালয় প্রাঙ্গনের ভিতরে | বিদ্যালয় প্রাঙ্গনের বাহিরে |
|---|---|---|---|
| AUEO Kaliakoir SoydPur | 4 | 4 | 0 |
| AUEO Kaliakoir Mouchak | 6 | 6 | 0 |
| AUEO Kaliakoir Boliadi | 10 | 1 | 9 |
| AUEO Fulbaria Kaliakoir | 4 | 4 | 0 |
| AUEO Kaliakoir Boroibari | 4 | 4 | 0 |

## ৪) ক্লাস্টার ভিত্তিক মাসিক পরিদর্শনের সারাংশ


একটি ক্লাস্টারের মাসভিত্তিক পরিদর্শন হতে বিভিন্ন বিষয়ের সারাংশ পেতে **“ক্লাস্টার ভিত্তিক মাসিক পরিদর্শনের সারাংশ”** মেন্যুতে ক্লিক করুন




একজন সহকারী উপজেলা শিক্ষা অফিসার যখন এ পেজ এ ঢুকবেন তখন তার বিগত মাসের সারাংশ তৈরি না হয়ে থাকলে তা সাথে সাথে তৈরি হয়ে যাবে এবং এখানের তালিকাতে দেখাবে যা উপরের পর্যায়ের যে কেউ দেখতে পারবেন। সারাংশটি দেখতে “**পরিদর্শনের সারাংশ”** কলামের বিস্তারিত বাটনে ক্লিক করুন।



সারাংশটির তথ্য অনুযায়ী সহকারী উপজেলা শিক্ষা অফিসার কি ব্যবস্থ্যা নিয়েছেন তা “**আপনার গৃহীত ব্যবস্থার**” ঘরে উল্লেখ করে **“Submit”** বাটনে ক্লিক করে সংরক্ষন করবেন। পরিদর্শীত বিদ্যালয় গুলোর তালিকা দেখতে চাইলে বিদ্যালয়ের সংখ্যার উপর ক্লিক করুন।




পরিদর্শীত বিদ্যালয়ের তালিকাতে বিদ্যালয়ের নাম, পরিদর্শকদের নাম- পাদবি ও পরিদর্শনের তারিখ ও সময় দেখা যাবে।


| পরিদর্শনকৃত স্কুলের নাম | পরিদর্শকের নাম | পরিদর্শকের পদবি | পরিদর্শনের তারিখ ও সময় |
|---|---|---|---|
| মেদী আশুলাই সরকারি প্রাথমিক বিদ্যালয় | মোঃ জাহাঙ্গীর আলম | AUEO Kaliakoir Boroibari | 5 Oct 2016 13:11:22 |
| অলিয়ারচালা রেজিঃ বেঃ প্রাঃ বিদ্যালয় | মোঃ জাহাঙ্গীর আলম | AUEO Kaliakoir Boroibari | 4 Oct 2016 12:42:09 |
| আষাড়িয়াবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় | মোঃ জাহাঙ্গীর আলম | AUEO Kaliakoir Boroibari | 1 Oct 2016 16:03:30 |
| আষাড়িয়াবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md Jahangir Alam | AUEO Kaliakoir Boroibari | 20 Oct 2016 13:54:18 |
| গোসাই বাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md. Jahangir Alam | AUEO Kaliakoir Boroibari | 20 Oct 2016 17:12:33 |
| গোলরা সরকারি প্রাথমিক বিদ্যালয় | | AUEO Kaliakoir Boroibari | 2 Oct 2016 15:08:52 |
| কাঞ্চনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md. Jahangir Al | AUEO Kaliakoir Boroibari | 17 Oct 2016 16:50:32 |
| লস্কর চালা সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md. Jahangir Alam | AUEO Kaliakoir Boroibari | 18 Oct 2016 15:56:26 |
| গোলরা সরকারি প্রাথমিক বিদ্যালয় | Shikha Biswas | ueo kaliakair gazipur | 26 Oct 2016 16:15:05 |
| ঢোলসমুদ্র সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md. Jahangir Alam | ueo kaliakair gazipur | 27 Oct 2016 14:59:04 |
| নয়া নগর সরকারি প্রাথমিক বিদ্যালয় | Md. Jahangir Alam | AUEO Kaliakoir Boroibari | 27 Oct 2016 16:59:49 |

# ৫) বার্তা প্রেরণ ও প্রেরিত বার্তার তালিকা

এই সিস্টেমের ভিতরে কাউকে বার্তা পাঠাতে চাইলে ও আগের পাঠানো বার্তাগুলোর তালিকা দেখতে চাইলে **"বার্তা প্রেরণ ও প্রেরিত বার্তার তালিকা"** মেনুতে ক্লিক করুন।




যাকে বার্তা পাঠাতে চাচ্ছেন তার কর্মস্থল টি নির্বাচন করুন যেমন আপনি যদি ঢাকা জেলার জেলা শিক্ষা অফিসার কে বার্তা পাঠাতে চান তা হলে শুধু ঢাকা জেলা পর্যন্ত নির্বাচন করুন, অথাবা কপাসিয়া উপজেলার টোক ক্লাস্টারের দায়িত্বে থাকা সহকারী উপজেলা শিক্ষা অফিসার কে বার্তা পাঠাতে চাইলে ঐ ক্লাস্টার পর্যন্ত নির্বাচন করে নিচের অংশে বার্তাটি লিখে **"Submit"** বাটনে ক্লিক করলে উক্ত ব্যাক্তির কাছে বার্তাটি চলে যাবে। নিচের তালিকায় বিগত সময়ে পাঠানো বার্তাগুলো পাওয়া যাবে। **"বিস্তারিত"** বাটনে ক্লিক করলে বার্তা ও প্রাপকের উত্তর দেখা যাবে।





সেভ দ্য চিলড্রেন

# ৬) গৃহীত বার্তার তালিকা


আপনার কাছে আগত বার্তাগুলোর তালিকা দেখতে **"গৃহীত বার্তার তালিকা"** মেন্যুতে ক্লিক করুন।




তালিকাতে দেখতে পারবেন বার্তা কে পাঠিয়েছেন, আপনি বার্তার উত্তর দিয়েছেন কিনা এবং বার্তাটি দেখতে ও বার্তার উত্তর দিতে বিস্তারিত বাটনে ক্লিক করন।




বার্তাটি দেখে উত্তরের ঘরে আপনার উত্তরটি লিখে **"Submit"** বাটনে করুন।




# ৭) আলোচনা যোগ করুন

যেকোনো সমস্যা সম্পর্কে জানতে বা পরামর্শ যোগ করতে **“আলোচনা যোগ করুন”** মেন্যুতে ক্লিক করুন।




আপনি কোন বিষয়ে জানতে চান বা কি ধরনের পরামর্শ দিতে চান সে বিষয়টি **“আলোচনার ধরন”** হতে নির্বাচন করুন। তার পর আপনার আলোচনা বা জিজ্ঞাসা বা পরামর্শ টি বিস্তারিত **“আলোচনা লিখুন”** এর ঘরে লিখে **“Submit”** বাটন ক্লিক করে সংরক্ষন করুন।




## ৮) আলোচনার তালিকা


যোগকৃত আলোচনা সমূহের তালিকা দেখতে "**আলোচনার তালিকা**" মেন্যুতে ক্লিক করুন




তালিকায় দেখতে পাবেন সমস্যার ধরন এবং সমস্যা বা আলোচনা গুলোর উত্তার বা সমাধান দেওয়া হয়েছে কিনা এবং বিস্তারিত বাটনে ক্লিক করে আলোচনা টি এবং আলোচনার সমাধান বা উত্তর দেখতে পাবেন




এখানে আলোচনা ও তার সমাধান বা উত্তর টি জানা যাবে।




# ৯) পরিদর্শনের রিপোর্ট সমূহের তালিকা

পরিদর্শনের বিভিন্ন ধরনের তথ্যের উপর রিপোর্ট সমূহ দেখতে “**পরিদর্শনের রিপোর্ট সমূহ**” মেন্যুতে ক্লিক করুন




এখানে মোট ১৬ ধরনের রিপোর্ট আছে। যে বিষয়ের উপর রিপোর্ট দেখতে চান বাম পাশের তালিকা হতে সে রিপোর্টের নামের উপর ক্লিক করে ডান পাশ হতে প্রয়োজন অনুযায়ী জেলা, থানা , ক্লাস্টার, তারিখ ইত্যাদি নির্বাচন করে “**Show Report**” বাটনে ক্লিক করুন।



এভাবে প্রতিটি রিপোর্টের আলাদা আলদা পেজ পাওয়া যাবে যেখানে ডান পাশে উপরের দিকে সার্চ করার অপশান আছে, বাম দিকে প্রতি পেজ এ কতটি সারি দেখতে চান তা ঠিক করে দিতে পারবেন এবং নিচে বাম পাশে পরবর্তী পেজ এ তথ্য থাকলে তা পেজ নাম্বারের উপর ক্লিক করে দেখতে পারবেন



Print

click here for print this report

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন - ২ মিরপুর, ঢাকা-১২১৬

**8. বিদ্যালয়ের গ্রেড সম্পর্কিত তথ্যের বিবরণ**

**তারিখ সময়কাল: (01/10/2016-31/10/2016)**

বিভাগঃ ঢাকা  জেলাঃ গাজীপুর

উপজেলা/থানাঃ কালিয়াকৈর

Show 10 entries  Search:


| ক্রমিক | স্কুলের নাম | গ্রেড | গ্রেড উন্নয়নের সাল | পরিদর্শনের তারিখ |
|---|---|---|---|---|
| 1 | ঁজানের চালা সরকারি প্রাথমিক বিদ্যালয় | এ | | Oct 5, 2016 11:21:58 AM |
| 2 | গোয়ালবাথান সরকারি প্রাথমিক বিদ্যালয় | এ | 2011 | Oct 30, 2016 1:57:53 PM |
| 3 | নয়া নগর সরকারি প্রাথমিক বিদ্যালয় | এ | 2015 | 27 Oct 2016 16:59:49 |
| 4 | চাপাইর পূর্ব সরকারি প্রাথমিক বিদ্যালয় | এ | 2011 | Oct 19, 2016 12:44:31 PM |
| 5 | দেওয়াইর সরকারি প্রাথমিক বিদ্যালয় | বি | 2013 | 30 Oct 2016 2:57:43 pm |

# এক নজরে পরিদর্শনের সামগ্রিক চিত্র


## ই-মনিটরিং ড্যাশবোর্ড

**সকলের জন্য উন্মুক্ত ড্যাশবোর্ডের মাধ্যমে সমগ্র বাংলাদেশের বিদ্যালয় পরিদর্শনের সামগ্রিক চিত্র**

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট এ গিয়ে ডান পাশের **অভ্যন্তরীণ ই-সেবা** হতে **ই-প্রাইমারি স্কুল সিস্টেমে** ক্লিক করুন




ই-প্রাইমারি স্কুল সিস্টেম এর পেজে গিয়ে **ড্যাশবোর্ড** এর নিচে **ই-মনিটরিং ড্যাশবোর্ড** এ ক্লিক করুন



তারিখ নির্বাচন করে প্রয়োজন অনুযায়ী বিভগ, জেলা, থানা নির্বাচন করে **"Show"** বাটনে ক্লিক করলে বিদ্যালয় পরিদর্শনের বিভিন্ন বিষয় গুলোর উপর সংখ্যাগত তথ্য পাওয়া যাবে। যেমন উক্ত সময়ে কতগুলো বিদ্যালয় পরিদর্শন হয়েছে, মোট কতজন পরিদর্শক উক্ত সময়ে পরিদর্শন করেছেন, শিক্ষকের সংখ্যা গত তথ্য ইত্যাদি পাওয়া যাবে। উক্ত সংখ্যা গুলোর উপর ক্লিক করলে ঐ বিদ্যালয় গুলোর তালিকা পাওয়া যাবে। যেমন শ্রেণি ভিত্তিক কার্যক্রম কোন বিদ্যালয় গুলোতে খুব খারাপ তার তালিকা পাওয়া যাবে যা হতে সিধান্ত গ্রহণ সহজ হবে।

select date range

From Date : 01/11/2016 To Date : 15/11/2016

Division : ---Select--- District :

Thana : Cluster :

Show

select division, district, thana as of your need

click here after select above option

| | | | |
|---|---|---|---|
| মোট বিদ্যালয়ের সংখ্যা: | 64765 | এই সময়ে মোট পরিদর্শিত বিদ্যালয়ের সংখ্যা: | 119 |
| এই সময়ে মোট পরিদর্শকের সংখ্যা: | 27 | একবারও পরিদর্শন করা হয়নি এমন বিদ্যালয়ের সংখ্যা: | 64209 |

**শিক্ষক/শিক্ষিকার তথ্য**

| | | | |
|---|---|---|---|
| মোট শিক্ষক সংখ্যা | : 724 | অননুমোদিত ছুটিতে রয়েছেন | : 0 |
| অনুপস্থিতির শতকরা হার | : 0 % | | |

**শ্রেণী ভিত্তিক উপস্থিতি**

| ক্লাস | মোট ভর্তিকৃত ছাত্র | মোট ভর্তিকৃত ছাত্রী | মোট উপস্থিত ছাত্র | মোট উপস্থিত ছাত্রী |
|---|---|---|---|---|
| প্রাক-প্রাথমিক | 1463 | 1420 | 1209 | 1216 |
| ১ম শ্রেণী | 1748 | 1857 | 1524 | 1602 |
| ২য় শ্রেণী | 1954 | 2053 | 1679 | 1823 |
| ৩য় শ্রেণী | 2056 | 2109 | 1724 | 1798 |
| ৪র্থ শ্রেণী | 1966 | 1993 | 1622 | 1890 |
| ৫ম শ্রেণী | 1850 | 1982 | 1639 | 1773 |
| ৬ষ্ঠ শ্রেণী | 25 | 40 | 25 | 40 |
| ৭ম শ্রেণী | 36 | [illegible] | [illegible] | 34 |
| ৮ম শ্রেণী | 0 | 0 | 0 | 0 |

click on the number to see the school list

**শ্রেণী কার্যক্রম পর্যবেক্ষণ**

| প্রাক-প্রাথমিক | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী | ৫ম শ্রেণী | ৬ষ্ঠ শ্রেণী | ৭ম শ্রেণী | ৮ম শ্রেণী |
|---|---|---|---|---|---|---|---|---|
| 14 | 45 | 45 | 30 | 35 | 48 | 0 | 0 | 0 |

**পরিদর্শনকৃত বিদ্যালয়ের মান**

| চলতি মানের | মধ্যম | উত্তম | অতি উত্তম |
|---|---|---|---|
| 8 | 43 | 32 | 1 |

**শ্রেণী ভিত্তিক শিক্ষকের পূর্ব প্রস্তুতি**

| শ্রেণী | খুব খারাপ | চলতি মানের নিচে | চলতি মানের | উত্তম | অতি উত্তম |
|---|---|---|---|---|---|
| প্রাক-প্রাথমিক | 0 | 0 | 11 | 2 | 0 |
| ১ম শ্রেণী | 0 | 0 | 27 | 16 | 0 |
| ২য় শ্রেণী | 0 | 0 | 32 | 13 | 0 |
| ৩য় শ্রেণী | 0 | 0 | 21 | 9 | 0 |
| ৪র্থ শ্রেণী | 0 | 1 | 23 | 10 | 0 |
| ৫ম শ্রেণী | 0 | 0 | 36 | 12 | 0 |

বিদ্যালয় পরিদর্শন হতে শিখন কার্যক্রমের বিভিন্ন দিকগুলি, বিবিধ বিষয়ের তথ্য ও পর্যবেক্ষকের পরামর্শ সমূহ কতগুলো বিদ্যালয়ে পাওয়া গেছে তার একটি সংখ্যাগত তথ্য এখানে পাওয়া এবং সংখ্যা গুলোর উপর ক্লিক করলে বিদ্যালয়ের তালিকা পাওয়া যাবে।

**শ্রেণী ভিত্তিক Lesson plan অনুসরনের চিত্র**

click on this number to see the school list

| শ্রেণী | খুব খারাপ | চলতি মানের নিচে | চলতি মানের | উত্তম | অতি উত্তম |
|---|---|---|---|---|---|
| প্রাক-প্রাথমিক | 0 | 0 | 5 | 0 | 0 |
| ১ম শ্রেণী | 0 | 0 | [illegible] | [illegible] | [illegible] |
| ২য় শ্রেণী | 0 | 0 | 17 | 8 | 0 |
| ৩য় শ্রেণী | 0 | 0 | 15 | 4 | 0 |
| ৪র্থ শ্রেণী | 0 | 0 | 14 | 7 | 0 |
| ৫ম শ্রেণী | 0 | 1 | 14 | 6 | 0 |

**শ্রেণী ভিত্তিক শিক্ষা উপকরনের কার্যকর ব্যবহার**

click on this number to see the school list

| শ্রেণী | খুব খারাপ | চলতি মানের নিচে | চলতি মানের | উত্তম | অতি উত্তম |
|---|---|---|---|---|---|
| প্রাক-প্রাথমিক | 1 | 0 | 6 | 3 | 0 |
| ১ম শ্রেণী | 0 | 0 | 23 | 5 | 0 |
| ২য় শ্রেণী | 1 | 1 | 19 | 8 | 1 |
| ৩য় শ্রেণী | 1 | [illegible] | [illegible] | [illegible] | 0 |
| ৪র্থ শ্রেণী | 3 | 1 | 16 | 8 | 0 |
| ৫ম শ্রেণী | 6 | 0 | 19 | 5 | 0 |

**শ্রেণী ভিত্তিক পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য নিরাময়মুলক সহায়তা**

| শ্রেণী | খুব খারাপ | চলতি মানের নিচে | চলতি মানের | উত্তম | অতি উত্তম |
|---|---|---|---|---|---|
| প্রাক-প্রাথমিক | 1 | 0 | 6 | 5 | 0 |
| ১ম শ্রেণী | 0 | 0 | 35 | 9 | 0 |
| ২য় শ্রেণী | 1 | 1 | 27 | 10 | 1 |
| ৩য় শ্রেণী | 1 | 0 | 19 | 8 | 0 |
| ৪র্থ শ্রেণী | 3 | 2 | 21 | 9 | 0 |
| ৫ম শ্রেণী | 6 | 0 | 25 | 12 | 0 |

**শিখন ফল অর্জন অগ্রগতি**

click on this number to see the school list

| শ্রেণী | খুব খারাপ | চলতি মানের নিচে | চলতি মানের | উত্তম | অতি উত্তম |
|---|---|---|---|---|---|
| প্রাক-প্রাথমিক | 0 | 0 | 11 | 2 | 0 |
| ১ম শ্রেণী | 0 | 0 | 38 | 8 | 0 |
| ২য় শ্রেণী | 0 | 1 | 29 | 16 | 0 |
| ৩য় শ্রেণী | 0 | 0 | 23 | 12 | 0 |
| ৪র্থ শ্রেণী | 0 | 0 | [illegible] | [illegible] | 0 |
| ৫ম শ্রেণী | 0 | 0 | 40 | 11 | 0 |

**বিবিধ বিষয়ক তথ্য**

| | | | |
|---|---|---|---|
| নিরাপদ পানীয় জলের ব্যবস্থা আছে | :113 | নিরাপদ পানীয় জলের ব্যবস্থা নাই | :6 |
| মনিটরিং বোর্ড আছে | :102 | মনিটরিং বোর্ড নাই | :17 |
| মনিটরিং বোর্ড হালনাগাদ আছে | :99 | মনিটরিং বোর্ড হালনাগাদ না | :3 |
| বিদ্যালয় আঙ্গিনা বা মাঠে পর্যাপ্ত বৃক্ষ/গাছ দ্বারা পরিবেষ্টিত | :99 | বিদ্যালয় আঙ্গিনা বা মাঠে পর্যাপ্ত বৃক্ষ/গাছ দ্বারা পরিবেষ্টিত না | :20 |
| অধিকাংশ শিক্ষার্থীর পোশাক পরিষ্কার-পরিচ্ছন্ন আছে | :116 | অধিকাংশ শিক্ষার্থীর পোশাক পরিষ্কার-পরিচ্ছন্ন না | :3 |
| স্কুল প্রাঙ্গণ, শ্রেণীকক্ষ ও শিক্ষকের কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন | :100 | স্কুল প্রাঙ্গণ, শ্রেণীকক্ষ ও শিক্ষকের কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন না | :19 |
| টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্ন | :106 | টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্ন না | :13 |
| বার্ষিক পাঠ পরিকল্পনা আছে | :96 | বার্ষিক পাঠ পরিকল্পনা নাই | :29 |
| সাপ্তাহিক ক্লাস রুটিন অনুযায়ী শ্রেণী কার্যক্রম পরিচালিত হয় | :46 | সাপ্তাহিক ক্লাস রুটিন অনুযায়ী শ্রেণী কার্যক্রম পরিচালিত হয় না | :79 |
| শ্রেণীকক্ষ শিক্ষার্থীদের সৃজনশীল কাজ দ্বারা সজ্জিত | :46 | শ্রেণীকক্ষ শিক্ষার্থীদের সৃজনশীল কাজ দ্বারা সজ্জিত না | :79 |
| প্রাক-প্রাথমিকের জন্য আলাদা সুসজ্জিত কক্ষ আছে | : | প্রাক-প্রাথমিকের জন্য আলাদা সুসজ্জিত কক্ষ নাই | : |
| বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার ম্যাপ হালনাগাদ | : | বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার ম্যাপ হালনাগাদ না | : |
| অভিভাবক/মা দিবস/সমাবেশ হয় | :85 | অভিভাবক/মা দিবস/সমাবেশ হয় না | :12 |

click on this number to see the school list

**পর্যবেক্ষকের পরামর্শ**


| ক্রমিক নং | পরামর্শ | কতবার? |
|---|---|---|
| 1 | Lesson Plan অনুসরণপূর্বক পাঠ দিতে পরামর্শ দেয়া হলো | 91 |
| 2 | পূর্ব প্রস্তুতি সহকারে শিক্ষা উপকরনের ব্যবহার নিশ্চিত করে পাঠদান কার্যক্রম পরিচালনা করতে পরামর্শ রইল | 79 |
| 3 | পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য নিরাময়মুলক ব্যবস্থা নিন | 79 |
| 4 | শিক্ষার্থীদের বেশী করে অনুশীলন করান | 85 |
| 5 | শিক্ষার্থীদেরকে শ্রেনি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণে গুরুত্ব দিন | 79 |
| 6 | বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রতি মনোযোগ দিন | 9 |
| 7 | শিক্ষার্থীদের বেশী করে বোর্ড এনে অনুশীলন করান | 85 |
| 8 | শিখনফল অর্জিত হয়েছে কিনা যাচাইক্রমে ব্যবস্থা গ্রহণ করুন | 74 |
| 9 | শিক্ষার্থীদেরকে পাঠের সঙ্গে সংগতিপূর্ণ সৃজনশীল কাজ প্রস্তুত করার জন্য উৎসাহিত করুন | 78 |
| 10 | অন্যান্য... | 47 |

# ই-প্রাইমারি থেকে শিক্ষক বদলি

যে কোনও শিক্ষককে এক বিদ্যালয় হতে অন্য বিদ্যালয়ে বদলির জন্য **“শিক্ষক ব্যবস্থাপনা”** মেন্যু হতে **“পদায়ন তথ্য”** তে ক্লিক করন।




ইউনিয়ন, ক্লাস্টার, বিদ্যালয় নির্বাচন করলে উক্ত বিদ্যালয়ের শিক্ষকের তালিকা পাওয়া যাবে নিচে। যে শিক্ষককে বদলি করতে চান তার নামে ডান পাশের সবুজ রঙের টিক চিহ্নে ক্লিক করলে শিক্ষকের নাম টি নিচে দেখা যাবে পরে **“Action”** এর ঘরে বদলি, রিটায়ার্ড বা অন্যান্য নির্বাচন করে তার নিচে যে বিদ্যালয়ে বদলি করতে চান সে বিদ্যালয়ের নাম নির্বাচন করে **“Submit”** বাটনে ক্লিক করে সংরক্ষন করুন। উল্লেখ যে “**Action**” এর ঘরে বদলি, রিটায়ার্ড বা অন্যান্য নির্বাচন করলে বিদ্যালয়ে নির্বাচনের দরকার হবে না।




## ই-মনিটরিং ও ই- প্রাইমারি সিস্টেমের জন্য ইউজার আইডি এবং পাসওয়ার্ড পরিবর্তন

ই-মনিটরিং ও ই- প্রাইমারি এর ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রাথমিক শিক্ষা অধিদপ্তর তৈরি করে দিবে।

- ই-মনিটরিং ও ই- প্রাইমারি সিস্টেমের জন্য ইউজার আইডি একই, যা পরিবর্তন করা যাবে না।
- তবে কোন ব্যবহারকারি যদি পাসওয়ার্ড পরিবর্তন করতে চান অথবা দুইটি সিস্টেমের জন্য দুইটি পাসওয়ার্ড রাখতে চান সেটা সম্ভব।
- তবে অবশ্যই আপনার পরিবর্তিত পাসওয়ার্ড মনে রাখবেন। যদি ভুলেই যান তবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে যোগাযোগ করবেন।


<u>ই- প্রাইমারি পাসওয়ার্ড পরিবর্তন করতে হলে কি করতে হবে?</u>

- ই- প্রাইমারি পাসওয়ার্ড পরিবর্তন করুন অপশন এ ক্লিক করুন
- নতুন পাসওয়ার্ড দিন
- পুনরায় একই নতুন পাসওয়ার্ড দিন
- তারপর সেইভ এ ক্লিক করুন।
- পাসওয়ার্ড পরিবর্তন করলে অবশ্যই পাসওয়ার্ড মনে রাখতে হবে।



## ই-মনিটরিং এর পাসওয়ার্ড পরিবর্তন

- থানা , জেলা, বিভাগ পর্যায়ের ব্যবহারকারিগন তাদের নিজ নিজ পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবেন।
- স্কুল পরিদর্শনের রিপোর্ট মেনু থেকে ই-মনিটরিং পাসওয়ার্ড পরিবর্তন সাবমেনুতে যেতে হবে।




- নিম্নোক্ত উপায়ে পাসওয়ার্ড প্রদান করে সেভ বাটনে ক্লিক করলে ই-মনিটরিং এর পাসওয়ার্ড পরিবর্তন হয়ে যাবে।

